Department of Education

Dennis M. Walcott, Chancellor

বসন্ত ২০১৩

প্যারেন্ট-টিচার কনফারেন্স ২০১৩-২০১৪
শিক্ষার্থীর অগ্রগতি উন্নয়নের সম্ভাবনা বৃদ্ধি

শিক্ষার্থীদের স্কুলে এবং স্কুলে বাইরে সহায়তার জন্য কর্মকর্তা, শিক্ষক এবং পিতামাতাদের মধ্যে ছেলেমেয়েদের শিখনের ব্যাপারে বোঝপড়া থাকা এবং শিক্ষার্থীদের অ্যাকাডেমিক ও সামাজিক প্রয়োজনে সহযোগী হিশেবে কাজ করা প্রয়োজন। আগামী বছরের নির্দেশনা প্রত্যাশা বাস্তবায়নের সময়ে বিবেচনা করুন ওপেন স্কুল নাইট এবং প্যারেন্ট-টিচার কনফারেন্স কীভাবে পরিবারকে সংশ্লিষ্ট করতে এবং শিক্ষার্থীদের জন্য আপনার লক্ষ্য পূরণ করতে পারে। গত বছর আমরা কমন কোরের ভিত্তিতে পরিবারগুলোকে সহায়তা করার জন্য উপকরণ তৈরি করেছি। এসব উপকরণ দেখতে Common Core Library ঠিকানায় যান।

পরিবারকে অধিক সময় দান

- **সর্বোচ্চ সাফল্যের জন্য আপনার ওপেন স্কুল নাইটগুলো পরিকল্পিতভাবে ব্যবহার করুন।** প্যারেন্ট-টিচার কনফারেন্স পরিকল্পনার করুন অ্যাডভাইজরি অথবা আপনার স্কুল প্রাসঙ্গিক শিক্ষার্থীদের অন্যান্য দলের নিরিখে। পিতামাতাদের উপস্থিতি বাড়াতে ফ্লায়ার এবং নিউজলেটারের মাধ্যমে ওপেন স্কুল নাইটের খবর প্রচার করুন। যেখানে উপযুক্ত শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করুন।
- **প্রত্যেক শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন।** ভিড় কমান এবং এবং পিতামাতাদেরকে বেশি সময় দেয়া নিশ্চিত করতে আগে থেকে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন। পরিবারগুলোকে বৈঠকের এক সপ্তাহ আগে অ্যাপয়েন্টেমেন্টের কথা মনে করিয়ে দিন। তাদেরকে স্কুলের অন্যান্য কর্মকর্তা, যেমন প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং গাইডেন্স কাউন্সেলরের সঙ্গে আলাপ করতে উৎসাহিত করুন।
- **পরিবারগুলোর সঙ্গে নিয়মিত যোগাযোগ করুন।** স্কুল যখন বছরভরে পরিবারগুলোর সঙ্গে যোগাযোগ করে তখন তাদেরকে স্কুল কর্মকর্তাদের সঙ্গে মিলিত হওয়ার আসন্ন সুযোগগুলোর কথা মনে করিয়ে দেয়ার পাশাপাশি তাদেরকে বলুন কোথায় প্রশ্ন করতে এবং সহায়তা ও তথ্যের জন্য কোথায় যেতে হবে।

স্কুল উদ্বোধন

- **আপনার স্কুলে পিতামাতাদের আমন্ত্রণ জানান।** পরিবারগুলোকে আপনার স্কুলে আমন্ত্রণ জানান প্রশ্ন করতে এবং জানতে কীভাবে তারা উদ্বেগ দূর করবেন, কভাবে স্কুলের সময়ের পরে তথ্য জানতে পারেন, এবং কখন স্কুলে আসতে পারেন। পিতামাতাদের সুস্পষ্ট পরামর্শ দিন স্বেচ্ছাসেবা, ফান্ডরেইজিং এব পিতামাতা নেতৃত্বের মাধ্যমে কীভাবে তারা এ বছর আপনার স্কুলের চাহিদা ও লক্ষ্য পূরনে সহায়তা করতে পারেন।
- **পিতামাতাদের সঙ্গে কমন কোরের লক্ষ্যগুলো শেয়ার করুন।** কর্মশালার আয়োজন করুন যেখানে পরিবরগুলো কমন কোর আদর্শমান এবং শিক্ষার্থীরা তাদের বর্তমান গ্রেডশেষে যা আয়ত্ত করবে সেই দক্ষতগুলো সম্পর্কে জানতে পাবেন। পিতামাতাদের একটি কমন কোর টাস্ক চেষ্টা করতে বলুন যাতে তারা বুঝতে পারেন ক্লাসে কী ধরনের পরিবর্তন দেখবেন।
- **পেশাগত উন্নয়নের ব্যবস্থা করুন**। কার্যকর প্যারেন্ট-টিচার কনফারেন্স এবং সারা স্কুলবছর ধরে পিতামাতাদের সঙ্গে যোগাযোগ পরিকল্পনে কর্মকর্তাদের সহায়তার জন্য শিক্ষকদের সেরা রীতিগুলোর তথ্য দিন।

হেমন্তের প্যারেন্ট/টিচার কনফারেন্স

- **শিক্ষার্থীদের তথ্য লভ্য করুন।** আরিস প্যারেন্ট লিংক এবং স্কুলের অন্যান্য ব্যবস্থা ব্যভহার করে শিক্ষার্থীদের কর্মসম্পাদনা ও উপস্থিতির তথ্য জানতে পিতামাতাদের সহায়তা করুন। শিক্ষার্থীদের সামর্থ্য এবং উন্নত করার ক্ষেত্রেগুলো সম্পর্কে আলোচনার জন্য তৈরি থাকুন। স্কুলগুলোকে এভাবে প্যারেন্ট-টিচার কনফারেন্স পরিকল্পনা করতে হবে যাতে পিতামাতা ও শিক্ষকেরা একত্রে অনলাইনে আরিস প্যারেন্ট লিংকের তথ্য পর্যালোচনা করতে পারেন, যদি কম্প্যুটারের ব্যবস্থা করা যায়।
- **পরিবারগুলোকে কৌশল শেখান।** শিক্ষকদের বলুন পিতামাতাদের কৌশল শেখাতে যা ব্যবহার করে তারা বাড়িতে সারা বছর লেখাপড়ার চাহিদা অর্জনে সন্তানদের সাহায্য করতে পারবেন।
- **এই বছর কমন কোর বাস্তবায়নে আপনার স্কুলের পরিকল্পনা শেয়ার করুন।** কমন কোর এবং পরিকল্পিত মূল্যায়ন পরিবর্তনগুলোর কথা পিতামাতাদের বলুন। সন্তানের ক্লাসরুমে এবং হোমওয়ার্কে যেসব পরিবর্তন তারা দেখবেন সেগুলো সম্পর্কে তাদের তৈরি করুন।

বসন্তের প্যারেন্ট/টিচার কনফারেন্স

- **চূড়ান্ত কাজে শিক্ষার্থীর কর্মসম্পাদনার তথ্য পিতামাতাকে অবহিত করুন।** কমন কোর তন্নিষ্ঠ কাজগুলো শিক্ষার্থী কেন করেছে সেগুলো দেখান। শিক্ষার্থীর ভিত্তি যাচাইয়ে যে কাজ ব্যবহার করা হচ্ছিল তার সঙ্গে কমন কোর কাজের তুলনা করুন। পিতামাতাকে সন্তানের কাজে সামর্থের দিক এবং উন্নতির এলাকাগুলোবুঝতে সাহায্য করুন।
- **শিক্ষার্থীর দৃষ্টান্তমূলক কাজ শেয়ার করুন।** উঁচুমানের শিক্ষার্থী কর্মসম্পনার ব্যাপারে প্রত্যাশা বোঝাতে পিতামাতাকে কমন কোর তন্নিষ্ঠ কাজ দেখান।

ওপেন স্কুল স্পতাহ ২০১৩-২০১৪

এই বছর ওপেন স্কুল উইক উদযাপিত হবে ১৫-৮ নভেম্বর-২২ নভেম্বর ২০১৩। এই সপ্তাহে সন্তানের স্কুলে কী হচ্ছে দেখার জন্য স্কুলগুলোর উচিত পিতামাতাদেরকে তাদের সন্তানের ক্লাসরুম পরিদর্শনে উৎসাহিত করতে। পিতামাতা-স্কুল সম্পর্ক যা প্রত্যেক শিক্ষার্থীর সাফল্যের জন্য জরুরি গতিশীল অংশদারত্ব গেড়ে দেবে তা জোরদার করার জন্য এটা হচ্ছে গুরুত্বপূর্ণ সময়। পরিবারগুলোকে স্কুল পরিদর্শনে আগ্রহী করে তুলতে স্কুলগুলোর উচিত উদ্দীপনা জাগানিয়া কর্মসূচি ও বৈঠক আয়োজনের পাশাপাশি ছেলেমেয়ে ও পিতামাতাদের জন্য উপকরণ ও প্রদর্শনীর ব্যবস্থা করা।

ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট গ্রীষ্মে প্যারেন্ট কোঅর্ডিনেটরদের প্যারেন্ট-টিচার কনফারেন্সের সেরা রীতিগুলোর উপর প্রশিক্ষণ দেবে। পিতামাতাদের ক্লাসরুম পরিদর্শন করার নিয়ম প্রতিষ্ঠা করার লক্ষ্যে প্রিন্সিপ্যালেরা প্যারেন্ট কোঅর্ডিনেটরদের সঙ্গে কাজ করবেন এবং সেসব নিয়ম বাড়িতে পাঠানর নোটিসের অন্তর্ভুক্ত করবেন। এসব নিয়ম পদ্ধতি স্থানীয় ডিস্ট্রিক্ট অফিসেও পেশ করতে হবে। বেশি সংখ্যকের উপস্থিতি নিশ্চিত করার জন্য সব নোটিস পিতামাতাদের বাড়ির ভাষায় অনুবাদ করতে হবে।

প্যারেন্ট টিচার কনফারেন্টস পলিসি:

এই যোগাযোগে উল্লিখিত প্যারেন্ট-টিচার কনফারেন্সের তারিখগুলো সারা বছর পিতামাতা ও শিক্ষকদের মধ্যে মতবিনময়ের সুযোগ সীমিত করার উদ্দেশ্যে দেয়া হয়নি। নিচে উল্লিখিত তারিখগুলোর বাইরে, গ্রেড, ক্লাস, গাইডেন্স এবং ব্যক্তিগত কনফারেন্স, পিতামাতা ও স্কুল কর্মকর্তাদের মধ্যে কনফারেন্স হচ্ছে চমৎকার অনুশীলন যা সারা স্কুল বছর জুড়ে অনুষ্ঠিত হওয়া উচিত।

স্কুলগুলোর নিচে উল্লিখিত সিটিব্যাপী বিকেলের কনফারেন্সের তারিখগুলো পরিবর্তন করা উচিত হবে না; তা করলে পরিবহনপেরিসেবায় সমস্যা হতে পারে। যদি কোন পিতামাতার তারিখ এবং সময় নিয়ে সমস্যা থাকে, তাদের উৎসাহিত করা উচিত পারস্পরিক সুবিধজনক সময়ে প্যারেন্ট-টিচার কনফারেন্স করার জন্য। নির্দেশনা সময়ের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে আরেকদিন আধাবেলার প্যারেন-টিচার কনফারেন্স আয়োজনের অনুমিত নেই। প্রত্যেক স্কুল স্তরে সেমেস্টার প্রতি একটি বিকালের প্যারেন্ট টিচার কনফারেন্সের ব্যবস্থা রাখা হয়েছে। স্কুলগুলো স্টেটের আবশ্যিক ১৮০ দিনের নির্দেশনা দিন পূরণের জন্য কনফারেন্স ডে ক্রেডিট লাভ করে। পিরিয়ড অ্যাটেনড্যান্স রিপোর্ট (পিএআর) এর জন্য , বিকেলের প্যারেন্ট টিচার কনফারান্সের জন্য সূচিতভুক্ত দিনগুলোকে নির্দেশনা দিন হিশেবে চিহ্নিত করতে হবে।

২০১৩-২০১৪ প্যারেন্ট-টিচার কনফরেন্সের তারিখ

*স্কুল তালিকার বাইরে সান্ধ্য কনফারেন্সের তারিখ ঠিক করতে পারে। সময় ও তারিখ পিতামাতাদের অংশগ্রহণের জন্য সুবিধাজনক হতে হবে; বেশি সংখ্যক পিতামাতার কাজের সময়ের সুবিধার জন্য বিকাল ৫:৩০ এর আগে কনফারেন্স শুরু করা যাবে না। বিকেলের তারিখ পরিবর্তন করা যাবে না।

অনুগ্রহ করে লক্ষ করুন সন্ধ্যার কনফারেন্সের জন্য আড়াই ঘণ্টার প্রয়োজন। প্রিন্সিপ্যালদের মনে করিয়ে দেয়া হচ্ছে যে সন্ধ্যার কনফারেন্সের কমপক্ষে এক সপ্তাহ আগে নিরাপত্তার জন্য অনুরোধ জানাতে হবে। পাবলিক স্কুল সাইটগুলোর প্রি-কিনডারগার্টেন কর্মসূচির জন্য নিচের অংশ দেখুন। পিতামাতাদের কনফারেন্সের কমপক্ষে চার সপ্তাহ আগে জানাতে হবে। নোটিস স্কুল শিক্ষার্থীদের বাড়ির ভাষায় অনুবাদ করতে হবে।

**নন-ডি৭৫ এ সহঅবস্থিত ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচিগুলো তাদের সহঅবস্থিত স্কুলের বিকালের এবং সন্ধ্যার প্যারেন্ট টিচার কনফারেন্সের উপরবর্ণিত তারিখ ও সময় অনুসরণ করবে। স্বনিয়ন্ত্রিত ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল কর্মসূচিগুলোর উরবর্ণিত সূচি অনুসরণ করবে।

দ্রষ্টব্য: যেসব স্কুলে একাধিক নির্দেশনা স্তর (যেমন কে-৮ অথবা ৬-১২ স্কুল) রয়েছে তাদের কোন একটি নির্দেশনা স্তরের সিটিব্যাপী তারিখ নির্বাচন করা উচিত।

বৃহস্পতিবার ২৪ অক্টোবর ২০১৩ এবং বৃহস্পতিবার ২৭ মার্চ ২০১৪ সন্ধ্যার সব কার্যক্রম বাতিল করুন।

হাই স্কুলের জন্য: যেসব স্কুলে সন্ধ্যার কনফারেন্স অনুষ্ঠিত হবে সেগুলোর অ্যাডাল্ট ও কনটিনিয়ুয়িং এডুকেশন কার্যক্রম বাতিল হবে।

হেমন্ত ২০১৩ প্যারেন্ট টিচার কনফারেন্সের তারিখ		
গ্রেড পর্যায়	***সন্ধ্যার তারিখ**	**বিকালের তারিখ**
এলেমেন্টারি	বুধবার ১৩ নভেম্বর	বৃহস্পতিবার ১৪ নভেম্বর
ইন্টারমিডিয়েট ও জুনিয়র হাই স্কুল	সোমবার নভেম্বর ১৮	মঙ্গলবার ১৯ নভেম্বর
হাই স্কুল	বৃহস্পতিবার ২৪ অক্টোবর	শুক্রবার ২৫ অক্টোবর
**ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল কর্মসূচি	বুধবার 6 নভেম্বর	বৃহস্পতিবার 7 নভেম্বর
বসন্ত ২০১৪ প্যারেন্ট টিচার কনফারেন্স		
গ্রেড পর্যায়	***সন্ধ্যার তারিখ**	**বিকালের তারিখ**
এলেমেন্টারি	বুধবার 12 মার্চ	মঙ্গলবার 11 মার্চ
ইন্টারমিডিয়েট ও জুনিয়র হাই স্কুল	বুধবার, ২৬ ফেব্রুয়ারি	বৃহস্পতিবার ২৭ ফেব্রুয়ারি
হাই স্কুল	বৃহস্পতিবার 27 মার্চ	শুক্রবার, ২৮ মার্চ
**ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল কর্মসূচি	সোমবার 17 মার্চ	মঙ্গলবার 18 মার্চ

বিকেলের কনফারেন্সের দিনগুলোয় শিক্ষার্থীদের জন্য পরিবহন ব্যবস্থা

প্রত্যেক স্কুলে বিকালের প্যারেন্ট-টিচার কনফারেন্সের জন্য দুঘণ্টার স্কুল সময় বরাদ্দ করা হয়েছে। এই সময়ের জন্য শিক্ষার্থীদের স্কুল থেকে আগে অব্যাহতি দেয়া হয়। শিক্ষার্থীরা তাদের ছুটির সূচি অনুসারে বাস পরিবহন লাভ করবে। নিয়মিত স্কুল দিবসের ছুটির সময়ের তিন ঘণ্টা আগে শিক্ষার্থীদের ছুটি দিতে হবে।

অফিস অভ পিপল ট্রান্সপোর্টেশন (ওপিটি) সংক্ষিপ্ত-করা দিনগুলোয় শিক্ষার্থীদের পিক আপ করার জন্য বাস কোম্পানিগুলোর সঙ্গে ব্যবস্থা করবে, যদি স্কুলগুলো উপরিলিখিত কনফারেন্সের সূচি অনুসরণ করে। যদি স্কুলগুলোকে ওপিটির সঙ্গে যোগাযোগ করার প্রয়োজন হয় না, নির্ধারিত সংক্ষিপ্তকৃত দিনগুলোর কয়েকদিন আগে স্কুলগুলোকে বাস ড্রাইভারদের বিষয়টি জানিয়ে রাখার পরামর্শ দেয়া হচ্ছে। প্রিন্সিপ্যালদেরকে লাঞ্চের সূচির জন্য যথাযথ ব্যবস্থা নেয়া এবং পরিবর্তনগুলো পিতামাতারা জানেন এটি নিশ্চিত করা উচিত।

পাবলিক স্কুল সাইটে আধঅবেলার প্রি-কিনডারগার্টেন কর্মসূচি নির্ধারণ

সব শিক্ষার্থীর জন্য হেমন্ত ও বসন্ত টার্মের সময় সমান হওয়া উচিত। হেমন্ত টার্মের এলেমেন্টারি স্কুল বিকেলের কনফারেন্সের তারিখে সকালের প্রি-কিনডারগার্টেন শিক্ষার্থীরা সকালের ক্লাসে যাবে, কিন্তু বিকালের সূচির প্রি-কিনডারগার্টেনের শিক্ষার্থীদের সেদিন ক্লাস থাকবে না। বসন্ত টার্মের এলেমেন্টারি স্কুল বিকেলের কনফারেন্সের তারিখে সকালের প্রি-কিনডারগার্টেন শিক্ষার্থীরা সকালের ক্লাসে যাবে, কিন্তু বিকালের সূচির প্রি-কিনডারগার্টেনের শিক্ষার্থীদের সেদিন ক্লাস থাকবে না।

২০১৩-২০১৪ প্যারেন্ট-টিচার কনফারেন্স সম্পর্কিত রিপোর্ট

হেমন্ত এবং বসন্ত টার্মের প্যারেন্ট-টিচার কনফারেন্সের তারিখ, পিতামাতা ও পরিচর্যাকারী অংশগ্রহণের সংখ্যা, বিতরিত রিপোর্ট কার্ডের সংখ্যা (ইংরেজি এবং অন্যান্য ভাষা) জমা দিতে হবে **শুক্রবার, ৬ ডিসেম্বর ২০১৩** (হেমন্ত টার্ম) এবং **শুক্রবার ২ মে ২০১৪** (বসন্ত)। রিপোর্ট জমা দিতে হবে প্রিন্সিপ্যালের পোর্টালের Principals' Portalমাধ্যমে। প্রবেশ করার জন্য নেভিগেশন বারের ডান দিকে "মাই সার্ভে" লিংকে ক্লিক করুন; সার্ভে পাতা থেকে "প্যারেন্ট-টিচার কনফারেন্সের তারিখ ও অংশগ্রহণকারী" সার্ভে নির্বাচন করুন। প্রিন্সিপ্যালরা এই দায়িত্বটি কোন কর্মকর্তার ওপর ন্যস্ত কতে পারেন, যদি প্রয়োজন হয়। কোন প্রশ্ন থাকলে ইমেইল করুন FACE@schools.nyc.gov।

আপনার প্রশ্নের জবাব বুঝে নিন:

- প্রি-কিনডারগার্টেনের ছেলেমেয়েদের শিক্ষার্থী পরিবহন সংক্রান্ত প্রশ্নের জন্য (718) 482-3800 নম্বরে ফোন করুন। অন্যান্য পরিবহন সংক্রান্ত প্রশ্নের জন্য স্কুলগুলো সিএফএন ট্রান্সপোর্টেশন লিয়াজোঁ অথবা ওপিটিকে (718) 392-8855 নম্বরে যোগাযোগ করবে।
- পিরিয়ড অ্যাটেনড্যান্স রিপোর্ট (পিএআর) সম্পর্কিত বিষয়ে প্রশ্ন থাকলে পিউপল অ্যাকাউন্টিং সেক্রেটারি/অ্যাটেনড্যান্স স্টাফ পিএআর ইউনিটে দাদের লিয়াজোঁর সঙ্গে যোগাযোগ করবেন।
- ভালভাবে একজন সীমিত অথবা অ-ইংরেজিভাষী পিতামাতার সঙ্গে যোগাযোগ করার জন্য স্কুলভিত্তিক কর্মকর্তারা 718-752-7373 এক্সটেনশন নম্বরে ডিওই অনুবাদ শাখায় ফোন করবেন। বিকেল এবং সন্ধ্যার প্যারেন্ট-টিচার কনফারেন্সের দোভাষীর জন্য ৪ টিপবেন। সন্ধ্যার কনফারেনন্স তারিখগুলোর জন্য এসব পরিসেবা রাত ৮:৩০ পর্যন্ত চালু থাকবে।
- এই নথি সম্পর্কিত অন্যান্য প্রশ্নের জন্য দয়া করে ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টকে (212) 374-4118 নম্বরে ফোন করুন।
- দেখুন অনূদিত রিপোর্ট কার্ড সব গ্রেডের জন্য।